অর্থাৎ শ্রীহরিই যাহাদের সর্ব্বসম্পদ, তাহারাই যে শ্রীহরির প্রিয়; যেহেতু তিনি ভক্তিসুখই অনুভব করিয়া থাকেন। সেই কুমেধা কে? তাহাই নির্দ্দেশ করিয়া বলিতেছেন—যাহারা বিদ্যামদে, ধনমদে, কুলমদে ও সৎকর্ম্মমদে অকিঞ্চন ভক্তগণকে অবমান করে, এমত কুমেধাগণের পূজা শ্রীহরি কখনই গ্রহণ করেন না" ॥ ৪।৩১।৩০১ ॥

৫।১০।২৫ শ্লোকে শ্রীরহুগণ মহারাজ জড়ভরত মহাশয়কে বলিয়াছেন—"হে প্রভো! তোমাদের মত মহাপুরুষগণের চরণে যে জন অবজ্ঞারূপ অপরাধ করে, তাহার সর্ব্বনাশ ঘটিয়া থাকে! যদি বলেন, আমাদের মত মহাপুরুষগণের' অবজ্ঞা কেহ করিলে যখন আমাদের কোনপ্রকার ক্ষোভ উপস্থিত হয় না, তখন অমর্য্যাদাকারীর অপরাধ হইবে কেন? তাহারই উত্তরে বলিতেছেন যদ্যপি আপনারা বিশ্ববাসী সকলের হিতকারী এবং সখা, অতএব সর্ব্বত্র সমবুদ্ধিজন্য নিজদেহে অভিমানশূন্য বলিয়া অমর্য্যাদা করিলে আপনাদের ক্ষোভ হয় না—ইহা সত্য, তথাপি শূলপাণি মহাদেবতুল্য অতিসমর্থ মাদৃশ ব্যক্তিও মহতের অপমান করিলে অতিসত্বরই বিনষ্ট হইয়া থাকে ॥ ৫।১০।৩০২ ॥

অথ তথাপি প্রামাদিকে ভগবদপরাধে পুনর্ভগবৎপ্রসাদনানি কর্ত্তব্যানি। যথা স্কান্দে অবন্তীখণ্ডে শ্রীব্যাসোক্তৌ—অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ং পঠেত্তু বৈ। দ্বাত্রিংশদপরাধাংস্তু ক্ষমতে তস্য কেশবঃ॥ ইতি। তত্রৈব দ্বারকামাহাত্ম্যে—সহস্রনাম মাহাত্ম্যং যঃ পঠেচ্ছৃণুয়াদপি। অপরাধসহস্রেণ ন স লিপ্যেৎ কদাচন॥ ইতি। তত্রৈব রেবাখণ্ডে—দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেত্তুলসীস্তবম্। দ্বাত্রিংশদপরাধানি ক্ষমতে তস্য কেশবঃ॥ ইতি। তত্রৈবান্যত্র—তুলস্যা রোপণং কার্য্যং শ্রাবণেন বিশেষতঃ। অপরাধসহস্রাণি ক্ষমতে পুরুষোত্তমঃ॥ ইতি। তত্রৈবান্যত্র, কার্ত্তিক-মাহাত্ম্যে—তুলস্যা কুরুতে যস্তু শালগ্রামশিলার্চ্চনম্। দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশবঃ॥ ইতি। অন্যত্র—যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ। অপরাধ-সহস্রাণি নিত্যং হরতি কেশবঃ॥ ইতি। আদিবরাহে—সংবৎসরস্য মধ্যে তু তীর্থে শৌকরকে মম। কৃতোপবাসঃ স্নানেন গঙ্গায়াং শুদ্ধিমাপ্নুয়াৎ॥ মথুরায়াং তথাপ্যেবং সাপরাধঃ শুচির্ভবেৎ। অনয়োস্তীর্থয়োরেকং যঃ সেবেৎ সুকৃতী নরঃ॥ সহস্রজন্ম-জনিতানপরাধান্ জহাতি সঃ॥ ইতি। শৌকরকে শূকরক্ষেত্রাখ্যে। মহদপরাধস্তু চাটুকারাদিনা বা তৎপ্রীত্যর্থকৃতেন নিরন্তরদীর্ঘকালীনভগবন্নামকীর্ত্তনেন বা তং প্রসাদ্য ক্ষমাপনীয় ইত্যেবোচামৈব। তৎপ্রসাদং বিনা তদসিদ্ধেঃ। অতএবোক্তং শ্রীশিবং দক্ষেণ—যোঽসৌ ময়াবিদিততত্ত্বদৃশা সভায়াং ক্ষিপ্তো দুরুক্তিবিশিখৈর্বিগণয্য তন্মাম্। অর্ব্বাক্ পতন্তমর্হত্তমনিন্দয়াপাদ্দৃষ্ট্যাদ্রয়া স ভগবান্ স্বকৃতেন তুষ্যেদিতি। এবমুত্তরত্রাপি জ্ঞেয়ম্। অথ বন্দনম্। তচ্চ যদ্যপ্যর্চ্চনাঙ্গত্বেনাপিবর্ত্ততে তথাপি কীর্ত্তনস্মরণবৎ